গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, এফ-১/এ, আগারগাঁও
শের-ই-বাংলা নগর, ঢাকা
[কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড অ্যাডভান্স রুলিং শাখা]

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০৫৪.০৩.০০০৩.২৫.৪৫

**বিষয়: আমদানিতব্য Stainless Steel Screens নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্র: Haque Traders এর ১৩/০২/২০২৫ খ্রিঃ তারিখের আবেদন।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-১০৬/২০২৫**

Haque Traders নামক প্রতিষ্ঠান কর্তৃক আমদানিতব্য Stainless Steel Screens নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরমে আবেদন করেছেন।

**(ক) আবেদনকারীর পরিচিতি:**

| | |
|---|---|
| আবেদনকারীর নাম ও BIN | Haque Traders (001206776-0208) |
| আবেদনকারীর ঠিকানা | TMC Building (1st Floor), 52, New Eskaton Road, Dhaka-1000. |

**(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:**

| | |
|---|---|
| পেণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Stainless Steel Screens |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Complete Solid |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | India |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 8413.91.00 |

০২। **আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যের বিবরণ:**
Stainless Steel Screens নামীয় পণ্যটি Parts of Submersible Pump এ ব্যবহারের জন্য আমদানি করা হবে।

০৩। **বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তি**

আমদানিকারক Haque Traders কর্তৃক Stainless Steel Screens ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে এইচ.এস.কোড প্রস্তাব করা হয়েছে 8413.91.00। পণ্যটি Stainless Steel wire দ্বারা প্রস্তুতকৃত Stainless Steel Screens, Round Cross-section, The slot opening shall be 0.762mm (30/l000 inch or 30 slotted mesh /screen).

Stainless Steel Screens নামীয় পণ্যটি মাটির নীচের স্তর থেকে পানি উত্তোলনের কাজে ব্যবহার্য Submersible পাম্প system এর সাথে ব্যবহৃত হলেও এটি Pump এর Integral Parts নয় বরং এটি ভূগর্ভস্থ পানির সাথে মিশ্রিত থাকা বালি/কাদা/নুড়ি পাথর ইত্যাদি- কে Separate করে static position রেখে পানিকে Submersible Pump এর ভিতর দিয়ে প্রবাহিত হতে দেয়। অর্থাৎ আমদানিতব্য পণ্যটি Filtering equipments হিসাবে ব্যবহৃত হবে।

এ প্রসঙ্গে Explanatory Notes এর Heading 84.21 এ উল্লেখ রয়েছে:

**(II) Filtering of Purifying Machinery and Apparatus, for Liquids or Gases**

Much of the filtration or purification plant of this heading is purely static equipment with no moving parts. The heading covers filters and purifiers of all types (physical or mechanical, chemical, magnetic, electro-magnetic, electrostatic, etc.). The heading covers not only large industrial plant, but also filters for internal combustion engines and small domestic appliances.

.......

**(A) Filtering and purifying machinery, etc., for liquids, including water softeners.**
The liquid filters of this group separate solid, fatty, colloidal, etc., particles from a liquid, for example, by passing it through a sheet, membrane or mass of porous material (e.g., cloth, felt, wire-cloth, skin, stoneware, porcelain, kieselguhr, sintered metallic powders, asbestos, paper pulp, cellulose, charcoal, animal black, sand) আরো উল্লেখ আছে যে, the heading covers liquid filters whether of the gravity, suction (or vacuum) or pressure types.

Parts Classification এর জন্য General Explanatory Notes এর Section XVI অনুযায়ী Filtering Machinery and apparitors of heading 84.21 অন্যান্য Machinery parts হিসাবে শ্রেণীবিন্যাসযোগ্য নয়।

বর্ণিত প্রেক্ষাপটে Bangladesh Customs Tariff (BCT) এবং Explanatory Notes এর ব্যাখ্যানুযায়ী Stainless Steel Screens নামীয় পণ্যটি Liquid filtering equipment হিসাবে H.S. Code 8421.29.90 এ শ্রেণীবিন্যাসযোগ্য। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি-৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

০৪। **অগ্রিম রুলিং এর কার্যকারিতা:** এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠারো) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

০৫। **আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:**
(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশন ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।


০২-০৭-২০২৫
হোসেন আহমদ
সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি) ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি (কমলাপুর)/পানগাঁও/মোংলা।

**স্মারক নম্বর:** ০৮.০১.০০০০.০০০.০৫৪.০৩.০০০৩.২৫.৪৫/১ (৮)

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০২ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব)/ (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/(আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
২। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
৩। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
৪। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৫। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। প্রথম সচিব, কাস্টমস নীতি ও বাজেট অধিশাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৭। দ্বিতীয় সচিব, কাস্টমস নীতি ও বাজেট শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৮। Proprietor, Haque Traders, TMC Building (1st Floor), 52, New Eskaton Road, Dhaka-1000.।



১২-০৭-২০২৫
তানভীর আহমেদ
দ্বিতীয় সচিব